



প্রাক্তন চেয়ারম্যান'র বাণী-

মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে একটি বিশেষ স্মরণিকা প্রকাশিত হতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত।

মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর ৫০ বছর মঠবাড়ী খ্রীষ্টান জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নে বিভিন্ন উদ্যোগ সফল ভাবে বাস্তবায়ন করতে সক্ষম হয়েছে। মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন শুধুমাত্র অর্থনৈতিক কর্মকাণ্ডে নয়, পাশাপাশি বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থানের ব্যবস্থা, স্বাস্থ্যসেবা প্রদান, শিশুদের দীর্ঘমেয়াদী সহ বিভিন্ন সঞ্চয় প্রকল্পের চলমান প্রক্রিয়া সবকিছুই প্রশংসার যোগ্য। নীরব অথচ গৌরবময় এ-সকল কর্মকাণ্ড দেশ ও জাতির সত্যিকার কল্যাণে অভূতপূর্ব ভূমিকা রেখে চলেছে বলে আমি বিশ্বাস করি।

মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর সকল কর্মকর্তা, সদস্য-সদস্যা ও কর্মীবৃন্দকে এবং এলাকার সকল জনগনকে এই সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি ও সুবর্ণ জয়ন্তীর সার্বিক সাফল্য কামনা করছি।

Thophil Rozario
থিউফিল রোজারিও

প্রাক্তন চেয়ারম্যান
মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ